দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JAN 20·3
পৃষ্ঠা ৩ কলাম ২

# জাবির ভর্তির ফরমের কৃত্রিম সংকট ॥ কালোবাজারে বিক্রি হচ্ছে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥ বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম এখন বেশী মূল্যে কালোবাজারে বিক্রি হচ্ছে। কালোবাজারে ফরম বিক্রির জন্য অগ্রণী ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখায় ভর্তি ফরমের কৃত্রিম সংকট সৃষ্টি করার অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম (৫ম পৃঃ ৪ কঃ দ্রঃ)

## জাবির ভর্তির ফরমের

(৩য় পৃঃ পর)

কিনতে আসা ভর্তিচ্ছু ও অভিভাবকরা রবিবার দীর্ঘ লাইনে দাঁড়িয়েও 'গ' ইউনিটের ভর্তি ফরম পায়নি। কিন্তু একই সময়ে সকল ইউনিটের ভর্তি ফরম নির্ধারিত ২৫০ টাকার পরিবর্তে ২৮০ টাকা থেকে ৩০০ টাকায় কালোবাজারে বিক্রি হয়েছে। এ ঘটনার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কিছু ছাত্র, কর্মকর্তা ও কর্মচারী জড়িত রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।